



নিরপেক্ষভাবে নির্বাচন পরিচালনায় অঙ্গীকারবদ্ধ কমিশন: সিইসি



সংগৃহীত ছবি

প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন বলেছেন, নির্বাচন কমিশন কারও পক্ষে কাজ করবে না, বরং আইন অনুযায়ী নিরপেক্ষ থেকে ঐতিহাসিক নির্বাচন উপহার দিতে চায়। তিনি জানান, প্রধান উপদেষ্টা কমিশনের ওপর আস্থা রেখেছেন। কমিশনের অন্যান্য কর্মকর্তারাও নির্বাচনকে শতভাগ পেশাদারিত্ব ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে সম্পন্ন করার প্রত্যয় ব্যক্ত করেছেন।

শনিবার (২৭ সেপ্টেম্বর) দুপুরে নির্বাচন ভবনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন বলেন, “নির্বাচন কমিশন কারো পক্ষে নির্দেশনা দেবে না। আইন অনুযায়ী নিরপেক্ষভাবে কাজ করা হবে। ফেব্রুয়ারির নির্বাচনকে সামনে রেখে দৃশ্যমান ও অদৃশ্য চ্যালেঞ্জ মোকাবিলা করে এগোচ্ছে কমিশন। জাতিকে একটি ঐতিহাসিক নির্বাচন উপহার দেয়া হবে।”

তিনি আরও জানান, এ বিষয়ে কমিশনের ওপর প্রধান উপদেষ্টার পূর্ণ আস্থা রয়েছে এবং কমিশন সেই আস্থা ধরে রাখতে চায়।

ইসি সদস্য আনোয়ারুল ইসলাম বলেন, “কমিশনের মেরুদণ্ড সোজা রয়েছে। সুষ্ঠু ভোট আয়োজনের জন্য শতভাগ পেশাদারিত্বের সঙ্গে কাজ করবে কমিশন।”

ইসি সচিব আখতার আহমেদ বলেন, “আসন্ন জাতীয় সংসদ নির্বাচন অতীতের যেকোনো নির্বাচনের চেয়ে বেশি চ্যালেঞ্জিং হবে। কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) অপব্যবহার রোধ এবং প্রবাসীদের ভোটগ্রহণ এই নির্বাচনে বড় চ্যালেঞ্জ হিসেবে বিবেচিত হচ্ছে।”